DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 12:55 PM

ধর্ম

শায়খ ড. আব্দুর রহমান আস-সুদাইস

# সিরাতে নববী জীবনের পূর্ণাঙ্গ পথনির্দেশনা : শায়খ সুদাইসি

প্রতিবেদক: ধর্ম ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সংগৃহীত ছবি

মুসলিমদের গোপনে ও প্রকাশ্যে আল্লাহকে ভয় করার আহ্বান জানিয়েছেন পবিত্র মসজিদুল হারামের ইমাম ও খতিব শায়খ ড. আবদুর রহমান আস-সুদাইস। তিনি বলেছেন, তাকওয়াই মানুষের জন্য সর্বোত্তম পাথেয় এবং দুনিয়া ও আখিরাতের কল্যাণের অন্যতম প্রধান ভিত্তি।

শুক্রবার মসজিদুল হারামে প্রদত্ত জুমার খুতবায় শায়খ সুদাইস মহানবী হজরত মুহাম্মদ (সা.)-এর পবিত্র জীবনাদর্শ ও সুন্নাহ অনুসরণের গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন, প্রায় চৌদ্দ শতাব্দী ধরে নবীদের নেতা মহানবী (সা.)-এর মহান মিশনের আলো পৃথিবীর বিভিন্ন প্রান্তকে আলোকিত করে আসছে। তাঁর জীবন ছিল সৌন্দর্য, মর্যাদা, প্রজ্ঞা ও বিস্ময়কর শিক্ষায় পরিপূর্ণ।

তিনি বলেন, সিরাতে নববী শুধু ইতিহাসের একটি অধ্যায় নয়; এটি সভ্যতার উৎস, একটি জ্ঞানভিত্তিক পদ্ধতি এবং বাস্তব জীবনের জন্য

একটি পূর্ণাঙ্গ পথনির্দেশনা।

জাতি ও সমাজকে নেতৃত্ব, মর্যাদা, সফলতা ও ন্যায়পরায়ণতার পথে এগিয়ে নিতে নবুয়তি জীবনীর শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ।
শায়খ সুদাইস আরও বলেন, নবুয়তি জীবন ও সুন্নাহ মুসলিম উম্মাহর গৌরব, বিজয়, উন্নতি ও ক্ষমতায়নের অন্যতম প্রধান ভিত্তি। তাই শুধু বিশেষ কোনো সময় বা উপলক্ষে নয়, বরং জীবনের প্রতিটি ক্ষেত্রে মহানবী (সা.)-এর আদর্শকে ধারণ করতে হবে। তাঁর জীবনীর শিক্ষা ও উদ্দেশ্যগুলো নতুন প্রজন্মের মধ্যে পুনরুজ্জীবিত করার পাশাপাশি সময়ের পরিবর্তনের মধ্যেও সুন্নাহকে দৃঢ়ভাবে আঁকড়ে ধরতে হবে।

তিনি ধর্মীয় মূল্যবোধ ও নবুয়তি চরিত্র-গুণাবলি ধারণের ওপর বিশেষ গুরুত্বারোপ করেন। তাঁর মতে, এসব গুণ মানুষের জন্য আলোর দিশা এবং সঠিক পথে চলার নির্ভরযোগ্য নির্দেশনা।

তিনি অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, সন্তানদের এমনভাবে গড়ে তুলতে হবে, যাতে তাদের হৃদয়ে মহানবী (সা.)-এর প্রতি ভালোবাসা, তাঁর আদর্শ অনুসরণের আগ্রহ এবং হেদায়েতের প্রতি গভীর অনুরাগ সৃষ্টি হয়। একই সঙ্গে সহিহ বুখারি, সহিহ মুসলিমসহ নির্ভরযোগ্য হাদিসগ্রন্থের মর্যাদা বোঝাতে হবে। সম্মান করতে হবে ইসলামের বিশিষ্ট ইমাম, আহলে বাইত ও সাহাবায়ে কেরামদেরও।

খুতবায়  সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার ও  তার প্রভাবের কথাও গুরুত্বের সঙ্গে উঠে আসে। শায়খ সুদাইস বলেন, কনটেন্ট নির্মাতা ও সামাজিক যোগাযোগমাধ্যমের প্রভাবশালীদের দায়িত্ব হলো সহিহ সুন্নাহ, এর বিধান, উদ্দেশ্য, শিক্ষামূলক মূল্যবোধ ও সঠিক আকিদা মানুষের সামনে তুলে ধরা। তাই মহানবী (সা.)-এর জীবনীর ঘটনাবলিকে কাজে লাগিয়ে মানুষের মধ্যে তাওহিদ ও ঈমানের চেতনা জাগিয়ে তুলতে হবে।

কেননা মহানবী (সা.)-এর সঙ্গে মুসলিম উম্মাহর সম্পর্ক ও ভালোবাসা কোনো নির্দিষ্ট দিন, সময়, অনুষ্ঠান কিংবা বাহ্যিক আনুষ্ঠানিকতার মধ্যে সীমাবদ্ধ নয়। বরং এটি মানুষের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত জীবনের প্রতিটি ক্ষেত্রে অনুসরণীয় এক গভীর সম্পর্ক।

তিনি বলেন, রাসুলুল্লাহ (সা.)-এর প্রতি প্রকৃত ভালোবাসার প্রমাণ হলো তাঁর আদর্শ অনুসরণ, সুন্নাহকে জীবনে বাস্তবায়ন এবং তাঁর নির্দেশনার সঙ্গে সামঞ্জস্য রেখে জীবন পরিচালনা করা। একই সঙ্গে দ্বীনের মধ্যে নতুন উদ্ভাবিত প্রথা ও অনুশীলন থেকে দূরে থাকার ওপরও তিনি গুরুত্বারোপ করেন।

শায়খ সুদাইসের খুতবার মূল বার্তা ছিল�মহানবী (সা.)-এর জীবনকে শুধু পড়া বা স্মরণ করা নয়, বরং তা থেকে শিক্ষা নিয়ে ব্যক্তি, পরিবার, সমাজ রাষ্ট্রিয় জীবনে বাস্তবায়ন করাই প্রকৃত ভালোবাসার পরিচয়।

---

এ বিভাগের আরও খবর



### বাংলা ভাষায় সুফি তাফসিরের একাডেমিক পরিসর বিস্তারের আহ্বান

বাংলা ভাষায় কুরআনের সুফি তাফসিরচর্চাকে আরও বিস্তৃত ও প্রাতিষ্ঠানিক একাডেমিক পরিসরে নিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করার মধ্য দিয়ে খাজা ওসমান ফারু...



### অমুসলিম ছেলের সঙ্গে মুসলিম মেয়ের পালিয়ে বিয়ে: ইসলাম কী বলে?

বর্তমান সময়ে প্রেমের সম্পর্ক, পারিবারিক বিরোধ এবং সামাজিক নানা বাস্তবতার কারণে তরুণ-তরুণীদের পালিয়ে গিয়ে বিয়ে করার ঘটনা কম নয়। তবে যখন একটি...



### ঈদে মিলাদুন্নবী উপলক্ষে চট্টগ্রামে জশনে জুলুস শুরু

চট্টগ্রামে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে ৫৫তম ঐতিহাসিক জশনে জুলুস অনুষ্ঠিত হচ্ছে। শান্তি, মানবতা ও অহিংসার বার্তা নিয়ে আয়োজিত এ জুলুস...



### জুমার নামাজের ইতিহাস, কখন থেকে শুরু হয় এই রীতি

ইসলামে সপ্তাহের সবচেয়ে মর্যাদাপূর্ণ দিন শুক্রবার বা 'ইয়াওমুল জুমআ'। বিশ্বজুড়ে মুসলিমদের জন্য জুমার দিনটি সাপ্তাহিক উৎসবের দিন হিসেবে বিবেচিত...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/religion/sirate-nbbi-jibner-purnangg-pthnirdeshna-shaykh-sudaisi